শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

# বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-১

# BARISHAL PALLI BIDYUT SAMITY-1

ISO 9001:2015

জেনারেল ম্যানেজারের কার্যালয়
বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-১
রূপাতলী, বরিশাল
E Mail:bapbs1@gmail.com
Web Site: www.pbs1.barisal.gov.bd

স্মারক নং-২৭.১২.০৬৫১.৫৩৯.০১.৩৮.২৪ ৩৮০৭

তারিখঃ ০৬ ফাল্গুন, ১৪৩০ বঙ্গাব্দ
১৭ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিঃ।

বিষয়ঃ কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতিতে পোল নাম্বারিং এর মালামাল সরবরাহ এবং নাম্বারিং করণের দরপত্র বিজ্ঞপ্তি।

০১। বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর আওতাধীন বৈদ্যুতিক পোল নাম্বারিং এর মালামাল সরবরাহ এবং নাম্বারিং করণের লক্ষ্যে প্রকৃত ব্যবসায়ী/ সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে লেটারহেড প্যাডে সীলমোহরকৃত খামে কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতিতে দরপত্র আহবান করা যাচ্ছে।

| ক্র. নং | বিবরণ | পরিমান | দরদাতা কর্তৃক উদ্ধৃতদর (টাকা) |
|---|---|---|---|
| ০১ | বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর আওতাধীন মুলাদী জোনাল অফিসের আওতাধীন সোনামদ্দিন বন্দর, রহমানেরহাট, কাজিরহাট, চরপদ্মা এলাকায় বৈদ্যুতিক পোল নাম্বারিং করা। | সংযুক্ত সিডিউল মোতাবেক। | |
| | | মোট= | |

০২। পোল নাম্বারিং কাজে ইচ্ছুক সকল কোটেশনদাতা কর্তৃক পরিদর্শনের জন্য অভিপ্রেত পণ্য এবং সংশ্লিষ্ট সেবার বিস্তারিত ডিজাইন এবং নকশা অফিস চলাকালীন সময়ে সকল কার্যদিবসে ক্রয়কারীর দপ্তরে প্রাপ্তিসাধ্য হবে।

০৩। এতদসংগে সংযুক্ত 'কোটেশন দলিল' ব্যবহার করে কোটেশন প্রস্তুত এবং দাখিল করতে হবে। কোটেশন দলিল সমিতির ওয়েবসাইট www.pbs1.barisal.gov.bd হতে ডাউইনলোড করে কোটেশনের সকল শর্তাদি পূরণ সাপেক্ষে দাখিল করতে হবে। নির্ধারিত কোটেশন ব্যতীত অন্য কোন কোটেশন বা ফরমে দরপত্র গ্রহনযোগ্য হবে না অথবা আবেদনের মাধ্যমে বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-১ হতে কোটেশন দলিল সংগ্রহপূর্বক দর দাখিল করা যাবে।

০৪। নির্ধারিত কোটেশন দলিল যথাযথভাবে পূরণ পূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা স্বাক্ষর করে ৬ অনুচ্ছেদে উল্লিখিত তারিখ ও সময়ে কোটেশন আহবানকারী কর্তৃক নির্ধারিত স্থানে অর্থাৎ ক) জেনারেল ম্যানেজার, বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-১, রূপাতলী, বরিশাল অথবা খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (দক্ষিনাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোহার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এর দপ্তরে রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে হবে।

০৫। কোটেশন দাখিল এবং পণ্য সরবরাহে কোনো জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য-সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হবে না। তবে কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান-কে কারিগরী বিভাগের পরামর্শ মোতাবেক কাজ সম্পাদন করতে হবে।

০৬। সিলমহরকৃত খাম আগামী ২২/০২/২০২৪ খ্রিঃ তারিখ এবং সময়ঃ বেলা ১২:০০ ঘটিকায় কোটেশন ৪ নং অনুচ্ছেদে বর্ণিত দপ্তরে দাখিল করা যাবে। কোটেশনের খামে " পোল নাম্বারিং এবং মালামাল সরবরাহ এবং নাম্বারিং করণের কোটেশন এবং আগামী ২২/০২/২০২৪ খ্রিঃ তারিখ এবং সময়ঃ বেলা ১২:০৫ এর আগে খোলা যাবে না" লিখে অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করতে হবে। উল্লিখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহনযোগ্য হবে না।

০৭। প্রাপ্ত দরপত্র সমূহ ২২/০২/২০২৪ খ্রিঃ তারিখ বেলা ১২:০৫ ঘটিকার সময়ে উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে। দরপত্র বিজ্ঞপ্তি অত্র পবিস'র ওয়েবসাইট www.pbs1.barisal.gov.bd এ দেখা যাবে।

০৮। ফ্যাক্স বা ইলেক্ট্রনিক মেইলের মাধ্যমে দাখিলকৃত দর গ্রহনযোগ্য হবে না।

০৯। কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হতে নূন্যতম ৬০ দিন পর্যন্ত সকল কোটেশন বৈধ থাকবে।

স্বাঃ/

১০। কোটেশন দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশন সমূহ ক্রমিক নং ৪ এ বর্ণিত স্থানসমূহে যথাযথ কর্তৃপক্ষের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক দরপত্র উন্মুক্ত করা হবে।

১১। পোল নাম্বারিং করার জন্য কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক সেবা সরবরাহ পূর্বক পোল নাম্বারিং কাজ সম্পন্নের পর সমিতির প্রতিনিধির মাধ্যমে কাজের গুনগত মান যাচাই সাপেক্ষে একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে। পরিশোধযোগ্য বিল হতে সরকারী নিয়মানুযায়ী উৎস কর, আয়কর ও অন্যান্য কর (প্রয়োজ্য ক্ষেত্রে) কর্তন করা হবে।

১২। দর টাকায় উদ্ধৃত করতে এবং এ চুক্তির অধীন পরবর্তীতে মূল্য পরিশোধ ও টাকায় করা হবে। কোটেশন দাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয় তবে তা চুক্তি কালীন সময়ে স্থির অংকে থাকবে।

১৩। কোটেশন দাতার চুক্তি করার আইনগত সক্ষমতা থাকতে হবে। কোটেশনদাতার যোগ্যতার প্রমানস্বরুপ বৈধ ট্রেড লাইসেন্স, টিআইএন নম্বর (হালনাগাদ আয়কর পরিশোধের সনদপত্র) ও ভ্যাট নিবন্ধন (ভ্যাট নিবন্ধন সনদপত্র) নবর এর সত্যায়িত অনুলিপি এবং কোনো তফসিলি ব্যাংক থেকে আর্থিক সচ্ছলতার সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে। সকল অনুলিপি প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত থাকতে হবে। এগুলো ব্যতীত কোটেশন অগ্রহনযোগ্য বলে বিবেচিত হতে পারে।

১৪। মূল্যায়ন কমিটি কোটেশনের সঙ্গে দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহনযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ০৩ (তিন) টি গ্রহনযোগ্য কোটেশনের প্রয়োজন হবে।

১৫। উদ্ধৃত একক দর এবং মূল্যের মধ্যে অসঙ্গতি থাকলে একক দর প্রাধান্য পাবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণিত গাণিতিক সংশোধন গ্রহনে কোটেশনদাতা বাধ্য থাকবে।

১৬। কার্যাদেশ জারীর তারিখ থেকে ৬০ (ষাট) দিনের মধ্যে পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ সম্পন্ন করতে হবে। তাছাড়া পবিস হতে সরবরাহকৃত নাম্বার অনুযায়ী পোল নাম্বারিং করতে হবে।

১৭। নির্ধারিত তারিখের মধ্যে মালামাল সরবরাহ করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য সরবরাহকৃত মালামালের চুক্তি মূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে কর্তন করা হবে।। জরিমানা মোট চুক্তি মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না। অন্যাথায় কার্যাদেশ বাতিল পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে।

১৮। কাজ এর পরিমাণ কম/ বেশী হতে পারে এবং মালামালের ও কাজের নমুনা দরপত্র দাখিল করার পুর্বে অত্র পবিস হতে দেখা যেতে পারে।

১৯। ক্রয়কারী সকল কোটেশন বা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

২৭/০২/২৪

(প্রকৌঃ মোঃ হুমায়ুন কবীর)
জেনারেল ম্যানেজার

<u>অনুলিপিঃ (সদয় অবগতি ও স্ব স্ব নোটিশ বোর্ডে ব্যপক প্রচারের জন্য) জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।</u>

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (দঃঅঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (বাপবিবো বোর্ডের ওয়েব সাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
০৩। জেলা প্রশাসক/ পুলিশ সুপার, বরিশাল।
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার .............. ১/২/৩/৪।
০৫। নির্বাহী প্রকৌশলী, বরিশাল প্রকল্প বিভাগ, বাপবিবো, বরিশাল।
০৬। ডিজিএম, কারিগরী/মুলাদী জোনাল অফিস, বপবিস-১।
০৭। এজিএম ওএন্ডএম, হিজলা সাব-জোনাল অফিস, বপবিস-১।
০৮। সকল বিভাগীয় প্রধান, বপবিস-১।
০৯। এজিএম (আইটি), বপবিস-১। (বিজ্ঞপ্তিটি সমিতির ওয়েব সাইট-এ আপলোড করার নির্দেশসহ)
১০। মেসার্স ...................................।
১১। নোটিশ বোর্ড, বপবিস-১।
১২। অফিস কপি/মাস্টার কপি।

২৭/০২/২৪

(প্রকৌঃ মোঃ হুমায়ুন কবীর)
জেনারেল ম্যানেজার

E:\100-42 (টেন্ডার ফাইল\টেন্ডার ফাইল\RFQ(টেন্ডার )\পোল নাম্বারিং RFQ.Docx

# পন্য এবং সংশ্লিষ্ট সেবার মূল্য তফশীল

| ক্রঃ নং | কাজের বিবরণ | পরিমাণ (টি) | একক দর/ মূল্য | মোট মূল্য | পণ্য ও সেবা সরবরাহের গন্তব্যস্থান |
|---|---|---|---|---|---|
| ০১ | বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর আওতাধীন মুলাদী জোনাল অফিস এলাকায় পোল নাম্বারিং।<br>**পোল নাম্বারিং কাজের বর্ণনাঃ**<br>ক) পোল নাম্বারিং করার পূর্বে নাম্বারিং এর স্থান সিরিশ কাগজ দিয়ে ভালোভাবে ঘষে পরিষ্কার করতে হবে।<br>খ) সাদা রঙ এর ব্যাকগ্রাউন্ডের উপর লাল রঙ এর অক্ষর লিখতে হবে।<br>গ) মাটি হতে ০৭ ফুট উচ্চতায় পোল নাম্বারিং করতে হবে।<br>ঘ) অক্ষর লিখার প্রস্থ ৪০-৫০ মিঃমিঃ হবে।<br>ঙ) এক লাইন লেখার প্রস্থ ৭৬ মিঃমিঃ, দুই লাইনে লেখার প্রস্থ ১৪০ মিঃমিঃ তিন লাইন লেখার জন্য ২০৫ মিঃমিঃ হবে।<br>চ) রোড মার্ক কালার এবং থিনার উন্নত মানের এবং একই ব্রান্ডের হতে হবে।<br>ছ) পোল নাম্বারিং এর নমুনা BA1-MU-1A-25-8-2, | ৮০০০ | | | বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর আওতাধীন মুলাদী জোনাল অফিস। |
| সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার মোট মূল্য (ভ্যাট ও প্রযোজ্য সবধরণের ট্যাক্সসহ) | | অংকে মোট | | | |
| | | কথায় মোট= | | | |

| | |
|---|---|
| পণ্য প্রেরণের ঠিকানা | বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-১, রূপাতলী, বরিশাল। |
| মোট মূল্য টাকায় (কথায়) | |
| প্রস্তাবিত সরবরাহ | ৬০ (ষাট) দিনের মধ্যে ক্রয় আদেশ জারির তারিখ থেকে। |
| প্রদত্ত ওয়ারেন্টি (Warranty) | পোল নাম্বারিং সম্পন্ন করার কমপক্ষে ০১ (এক বছর) পর্যন্ত। |